

সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ  
২০১৬-২০১৭ সেশনে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি তোলারাম কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু সাধারণ ছাত্র-ছাত্রীদের শুধু অন-লাইনে অথবা টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে SMS এর মাধ্যমে আগামী ২৬/০৫/২০১৬ হতে ০৯/০৬/২০১৬ (রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত) তারিখ এর মধ্যে ভর্তির জন্য আবেদন করতে হবে।

আবেদনের ন্যূনতম যোগ্যতা :  
ক) বিজ্ঞান গ্রুপে ভর্তির জন্য : জিপিএ ৩.০০  
খ) ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তির জন্য : জিপিএ ২.৮০  
গ) মানবিক গ্রুপে ভর্তির জন্য : জিপিএ ২.৫০

গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে প্রার্থীত গ্রুপের নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকলেই সেই গ্রুপে আবেদন করতে পারবে। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে-যথা:

- ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;  
খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং  
গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি

২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন করতে পারবে। ভর্তির জন্য কলেজে এসে ভর্তি ফরম উত্তোলন বা জমা দেয়ার প্রয়োজন নেই। টেলিটক প্রি-পেইড মোবাইল (মোবাইল সিম অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত হতে হবে) থেকে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)) এবং ঢাকা বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।

একজন আবেদনকারী একাধিক গ্রুপ/বিভাগে আলাদা ভাবে আবেদন করতে পারবে। অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য আবেদন করতে পারবে। অন-লাইনে মাত্র একবারই আবেদন করতে পারবে। পাশাপাশি এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পর পর আবেদন করতে পারবে। অনলাইন/এসএমএস/ডিভয় পদ্ধতিতে সর্বমোট ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ করা হবে।

ফলাফল : ১৬/০৬/২০১৬ তারিখে বিকাল ৪ ঘটিকায় কলেজ নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হবে। এছাড়াও কলেজের ওয়েব সাইট [www.telaramcollege.edu.bd](http://www.telaramcollege.edu.bd) এবং শিক্ষা বোর্ডের ওয়েব সাইট [www.educationboard.gov.bd](http://www.educationboard.gov.bd) এবং [www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ভর্তি : আসনের বিপরীতে নির্বাচিত (Selected) শিক্ষার্থী ভর্তির তারিখ ১৮/০৬/২০১৬ থেকে ২২/০৬/২০১৬ পর্যন্ত।

ভর্তির ব্যাপারে কোন তথ্য জানার জন্য কলেজ Help Desk-এ যোগাযোগ করুন।

সরকারি তোলারাম কলেজের শাখাভিত্তিক আসন সংখ্যা		
বিজ্ঞান শাখা-৫০০	মানবিক শাখা-৬০০	ব্যবসায় শিক্ষা শাখা-১৪০০

প্রতিষ্ঠানিক  
অধ্যক্ষ  
সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

একাদশ ভর্তি কমিটি-২০১৬-২০১৭  
সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ